দানকৃত সম্পত্তির সংক্ষিপ্ত তপশীল / জায়

# দানপত্র দলিল

জেলা- পূর্ব মেদিনীপুর, থানা ও এ.ডি. সাবরেজিষ্ট্রী অফিস তমলুক

**জে. এল. নং – ৪৩, মৌজা – কাঁকট্যা**

বর্তমান এল. আর. সেটেলমেন্টে ৭৭৯ নং, ১১৬৩ নং ও ২১৭৫ নং খতিয়ানের অন্তর্গত

**আর. এস. ও এল. আর.**

**৪২৪ দাগ ভুক্ত মোট ০৩ ডেসিমল সম্পত্তি**

বার্ষিক মোট রাজস্ব – ০.৯০ টাকা।

সরকার কর্তৃক নির্ধারিত মোট বাজার মূল্য – ১,৭৯,৬৮৫ টাকা।

দানগ্রহীতা, ১ নং ও ২ নং দানদাতাদ্বয়ের ভাগ্না ও

৩ নং দানদাতার পিসতুতো ভাই হইতেছে।

## দান গ্রহীতা :-

**শ্রী সন্তোষ পাল,** আধার সংখ্যাঃ ৭৯৭৩ ৬১৯৪ ৫৭৮৮

পিতা – স্বর্গীয় কুঞ্জ পাল

জাতি – হিন্দু, ও. বি. সি. শ্রেনী ভুক্ত কুম্ভকার (ভারতীয় নাগরিক)

পেশা – বৃত্তিভোগী

সাকিন – কাঁকট্যা, পোঃ – নোনাকুড়ি বাজার

থানা –তমলুক, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন - ৭২১১৭২।

## দান দাতাগণ :-

১) **শ্রী সুনীল কান্ত পাল প্রঃ সুনীল পাল,** পিতা – স্বর্গীয় বল্লভ পাল
আধার সংখ্যাঃ ৮৮৯৩ ৪২৫৮ ৪৬৭৮
সাবেক সাকিন – কাঁকট্যা, পোঃ – নোনাকুড়ি বাজার
থানা –তমলুক, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন - ৭২১১৭২।
বর্তমান ঠিকানা – ৭৮, নবপল্লি বয়েজ স্কুল রোড, পোঃ- নবপল্লি
থানা – বারাসত, জেলা – উত্তর ২৪ পরগনা, পিন- ৭০০১২৬।

২) **শ্রী নির্মল পাল,** আধার সংখ্যাঃ ৫১৮৬ ২৬২৬ ০৩৭৭
পিতা – স্বর্গীয় নলিনীকান্ত পাল প্রঃ নলিনী পাল
সাকিন – কাঁকট্যা, পোঃ – নোনাকুড়ি বাজার
থানা –তমলুক, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন - ৭২১১৭২।

৩) **শ্রী সুশান্ত কুমার পাল,** আধার সংখ্যাঃ ৫১৫১ ৪১১৮ ৮৫৬২
পিতা – স্বর্গীয় পুলিন বিহারী পাল প্রঃ পুলিন পাল
সাকিন – কাঁকট্যা, পোঃ – নোনাকুড়ি বাজার
থানা –তমলুক, জেলা - পূর্ব মেদিনীপুর, পিন - ৭২১১৭২।

সকল দাতার জাতি – হিন্দু, ও. বি. সি. শ্রেনী ভুক্ত কুম্ভকার (ভারতীয় নাগরিক)
পেশা – চাকুরী ও কৃষিকার্যাদি

কস্য রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট, ওয়ারিশ সূত্রে প্রাপ্ত, দানসূত্রে প্রাপ্ত ও অংশবন্টননামা দলিল মূলে প্রাপ্ত যাহা বর্তমান এল. আর. সেটেলমেন্টে আমাদের নিজ নিজ নামিত খতিয়ান ভুক্ত নিজ নিজ জোত স্বত্বদখলী রেকর্ড মতে কালা ভূমি বর্তমান কালা ভূমি ও বাস্তু ভূমির জোতস্বত্ব স্বামিত্বাদির দানপত্র মিদং কার্যঞ্চাগে।

১) জেলা পূর্ব মেদিনীপুর, মহকুমা, থানা ও অতিরিক্ত জেলা অবরনিবন্ধন অফিস তমলুক, **জে. এল. নং ৪৩, কাঁকট্যা মৌজায়,** বর্তমান এল. আর. সেটেলমেন্টে ৭৭৯ নং খতিয়ানের অন্তর্গত আর. এস. ও এল. আর. ৪২৪ দাগে রেকর্ড মতে কালা ভূমি বর্তমান কালা ভূমি ও বাস্তু ভূমি মোট ৪৪ ডেসিমল মধ্যে ০.৫৯০৮ অংশে ২৫.৯৯৫ ডেসিমল সম্পত্তি সহ আরও অন্যান্য সম্পত্তি আদি অত্র দলিলের আমি ১ নং দানদাতা শ্রী সুনীল কান্ত পাল প্রঃ সুনীল পাল, দানসূত্রে প্রাপ্ত এবং গত বাং ১৪২৮ সালের ২৭ শে আষাঢ়, ইং ২০২১ সালের ১২ ই জুলাই তারিখে সম্পাদিত এবং গত ইং ২৮-০৭-২০২১ তারিখে পূর্ব মেদিনীপুর জেলা অবরনিবন্ধন অফিসে রেজিষ্ট্রীকৃত ৬৭৫৭ নং অংশবন্টননামা দলিল মূলে অত্র দাগের ষোলোআনা শরিকগনের সহিত আপোষসম্পস্য বিভাগবন্টন মতে আমি প্রাপ্ত হইয়া বর্তমান এল. আর. সেটেলমেন্টে আমার নিজ নামিত উপরোক্ত ৭৭৯ নং খতিয়ানে সঠিক অংশ উল্লেখে চূড়ান্ত রেকর্ড লিপিবদ্ধ করাইয়া এতাবৎ নির্বিবাদে নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববান ও ভোগদখলীকার রহিয়াছি। ধার্য্য খাজনা ভূম্যাধিকারী পশ্চিমবঙ্গ সরকার আদায় পাইতেছেন।

ঐ জেলা পূর্ব মেদিনীপুর, মহকুমা, থানা ও অতিরিক্ত জেলা অবরনিবন্ধন অফিস তমলুক, **জে. এল. নং ৪৩, কাঁকট্যা মৌজায়,** বর্তমান এল. আর. সেটেলমেন্টে ১১৬৩ নং খতিয়ানের অন্তর্গত আর. এস. ও এল. আর. ৪২৪ দাগে রেকর্ড মতে কালা ভূমি বর্তমান কালা ভূমি ও বাস্তু ভূমি মোট ৪৪ ডেসিমল মধ্যে ০.১৬৩৮ অংশে ০৭.২০৭ ডেসিমল সম্পত্তি সহ আরও অন্যান্য সম্পত্তি আদি অত্র দলিলের আমি ২ নং দানদাতা শ্রী নির্মল পাল, দানসূত্রে প্রাপ্ত এবং গত বাং ১৪২৮ সালের ২৭ শে আষাঢ়, ইং ২০২১ সালের ১২ ই জুলাই তারিখে সম্পাদিত এবং গত ইং ২৮-০৭-২০২১ তারিখে পূর্ব মেদিনীপুর জেলা অবরনিবন্ধন অফিসে রেজিষ্ট্রীকৃত ৬৭৫৭ নং অংশবন্টননামা দলিল মূলে অত্র দাগের ষোলোআনা শরিকগনের সহিত আপোষসম্পস্য বিভাগবন্টন মতে আমি প্রাপ্ত হইয়া বর্তমান এল. আর. সেটেলমেন্টে আমার নিজ নামিত উপরোক্ত ১১৬৩ নং খতিয়ানে সঠিক অংশ উল্লেখে চূড়ান্ত রেকর্ড লিপিবদ্ধ করাইয়া এতাবৎ নির্বিবাদে নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববান

ও ভোগদখলীকার রহিয়াছি। ধার্য্য খাজনা ভূম্যাধিকারী পশ্চিমবঙ্গ সরকার আদায় পাইতেছেন।

ঐ জেলা পূর্ব মেদিনীপুর, মহকুমা, থানা ও অতিরিক্ত জেলা অবরনিবন্ধন অফিস তমলুক, **জে. এল. নং ৪৩, কাঁকট্যা মৌজায়,** বর্তমান এল. আর. সেটেলমেন্টে ২১৭৫ নং খতিয়ানের অন্তর্গত আর. এস. ও এল. আর. ৪২৪ দাগে রেকর্ড মতে কালা ভূমি বর্তমান কালা ভূমি ও বাস্তু ভূমি মোট ৪৪ ডেসিমল মধ্যে ০.১৭২৭ অংশে ০৭.৬০০ ডেসিমল সম্পত্তি সহ আরও অন্যান্য সম্পত্তি আদি অত্র দলিলের আমি ৩ নং দানদাতা শ্রী সুশান্ত কুমার পাল, পৈতৃক ওয়ারিশ সূত্রে প্রাপ্ত, দানসূত্রে প্রাপ্ত এবং গত বাং ১৪২৮ সালের ২৭ শে আষাঢ়, ইং ২০২১ সালের ১২ ই জুলাই তারিখে সম্পাদিত এবং গত ইং ২৮-০৭-২০২১ তারিখে পূর্ব মেদিনীপুর জেলা অবরনিবন্ধন অফিসে রেজিষ্ট্রীকৃত ৬৭৫৭ নং অংশবন্টননামা দলিল মূলে অত্র দাগের ষোলোআনা শরিকগনের সহিত আপোষসম্পস্য বিভাগবন্টন মতে আমি প্রাপ্ত হইয়া বর্তমান এল. আর. সেটেলমেন্টে আমার নিজ নামিত উপরোক্ত ২১৭৫ নং খতিয়ানে সঠিক অংশ উল্লেখে চূড়ান্ত রেকর্ড লিপিবদ্ধ করাইয়া এতাবৎ নির্বিবাদে নির্ব্যূঢ় স্বত্বে স্বত্ববান ও ভোগদখলীকার রহিয়াছি। ধার্য্য খাজনা ভূম্যাধিকারী পশ্চিমবঙ্গ সরকার আদায় পাইতেছেন।

২) অত্র দলিলের তুমি দান গ্রহীতা, অত্র দলিলের আমরা ১ নং ও ২ নং দানদাতা আমাদের ভাগ্না হইতেছ এবং অত্র দলিলের তুমি দান গ্রহীতা, অত্র দলিলের আমি ৩ নং দানদাতা আমার পিসতুতো ভাই হইতেছ। তোমাকে আমরা অত্যন্ত স্নেহ করি। তোমার সহিত আমাদের সুসম্পর্ক রহিয়াছে। সুসম্পর্কের নিদর্শন স্বরূপ এবং কর্তব্য বিধায় নিম্ন তপশীল বিশদভাবে বর্ণিত তমলুক থানার অন্তর্গত **জে. এল. নং ৪৩, কাঁকট্যা মৌজায়,** আর. এস. ও এল. আর. **৪২৪ দাগে** রেকর্ড মতে কালা ভূমি বর্তমান কালা ভূমি ও বাস্তু ভূমি মোট ৪৪ ডেসিমল মধ্যে বর্তমান এল. আর. সেটেলমেন্টে অত্র দলিলের **আমি ১ নং দানদাতা** আমার নামিত ৭৭৯ নং খতিয়ান ভুক্ত ০.৫৯০৮ অংশে ২৫.৯৯৫ ডেসিমল, তন্মধ্যে **০১.০১৭ ডেসিমল**, অত্র দলিলের **আমি ২ নং দানদাতা** আমার নামিত **১১৬৩** নং খতিয়ান ভুক্ত ০.১৬৩৮ অংশে ০৭.২০৭ ডেসিমল, তন্মধ্যে **০১.০১০ ডেসিমল** এবং অত্র দলিলের **আমি ৩ নং দানদাতা** আমার নামিত ২১৭৫ নং খতিয়ান ভুক্ত ০.১৭২৭

অংশে ০৭.৬০০ ডেসিমল, তন্মধ্যে **০.৯৭৩ ডেসিমল**, এমতে অত্র দাগে তিনটি খতিয়ান ভুক্ত সর্বমোট **০৩ (তিন) ডেসিমল সম্পত্তি** অত্র দলিলের তুমি দান গ্রহীতা, তোমাকে দান করিতে অভিপ্রায় করিয়াছি। তুমিও অত্র দান গ্রহণ করিতে সম্মত হইয়াছ।

৩) অতএব অদ্য অত্র দানপত্র দলিল দ্বারা, অংশবন্টননামা দলিল মূলে প্রাপ্ত যাহা বর্তমান এল. আর. সেটেলমেন্টে আমাদের নিজ নিজ নামিত খতিয়ান ভুক্ত নিজ নিজ জোত স্বত্বদখলী নিম্ন তপশীল বিশদভাবে বর্ণিত তমলুক থানার অন্তর্গত **জে. এল. নং ৪৩, কাঁকট্যা মৌজায়,** আর. এস. ও এল. আর. **৪২৪ দাগে** রেকর্ড মতে কালা ভূমি বর্তমান কালা ভূমি ও বাস্তু ভূমি মোট ৪৪ ডেসিমল মধ্যে বর্তমান এল. আর. সেটেলমেন্টে অত্র দলিলের **আমি ১ নং দানদাতা** আমার নামিত ৭৭৯ নং খতিয়ান ভুক্ত ০.৫৯০৮ অংশে ২৫.৯৯৫ ডেসিমল, তন্মধ্যে **০১.০১৭ ডেসিমল**, অত্র দলিলের **আমি ২ নং দানদাতা** আমার নামিত ১১৬৩ নং খতিয়ান ভুক্ত ০.১৬৩৮ অংশে ০৭.২০৭ ডেসিমল, তন্মধ্যে **০১.০১০ ডেসিমল** এবং অত্র দলিলের **আমি ৩ নং দানদাতা** আমার নামিত ২১৭৫ নং খতিয়ান ভুক্ত ০.১৭২৭ অংশে ০৭.৬০০ ডেসিমল, তন্মধ্যে **০.৯৭৩ ডেসিমল**, এমতে অত্র দাগে তিনটি খতিয়ান ভুক্ত সর্বমোট **০৩ (তিন) ডেসিমল সম্পত্তি** তোমাকে দান করিয়া দিলাম এবং অদ্য হইতে উক্ত সম্পত্তিতে তোমাকে সম্পূর্ণরূপে দখল দিলাম।

৪) তুমি অদ্য হইতে অত্র দানপত্র দলিল দ্বারা, অত্র দানকৃত সম্পত্তিতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান হইয়া দান বিক্রয় আদি সর্বপ্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে পুত্র, পৌত্রাদি, ওয়ারিশান মায় স্থলাভিষিক্তগণক্রমে যদৃচ্ছাভাবে পরমসুখে ভোগদখলীকার থাক।

৫) তুমি অদ্য হইতে অত্র দানপত্র দলিল দ্বারা, অত্র দানকৃত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, লভ্য, অধিকার ও দখলাদি ছিল, তাহা তোমাকে বর্তাইল। তাহাতে আমাদের বা আমাদের অন্যান্য ওয়ারিসগণের কাহারও কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া রহিল না বা ভবিষ্যতে থাকিবে না, করিলেও তাহা আইন আদালত সর্বস্থলে অগ্রাহ্য হইবে এবং অত্র দলিল তোমার অনুকূলে চিরকায়েম ও বলবৎ থাকিবে।

৬) অত্র দানকৃত সম্পত্তি হইতে আমরা সম্পূর্ণরূপে নিঃস্বত্ববান হইলাম। অত্র দানপত্র দলিল আমরা কোনভাবেই রোহিত করিতে পারিব না।

৭) অত্র দানকৃত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় রহিয়াছে।

৮) অত্র দানকৃত সম্পত্তির সরকার কর্তৃক নির্ধারিত বাজার মূল্য মঃ **১,৭৯,৬৮৫** (এক লক্ষ ঊনআশি হাজার ছয়শত পঁচাশি) টাকা হইতেছে।

৯) অত্র দানকৃত সম্পত্তির খাজনা ও ট্যাক্স আদি বাং **১৪৩১** সন হইতে ভূম্যাধিকারী পশ্চিমবঙ্গ সরকার সেরেস্তায় আদায় দিয়া নিজ নামে চেক দাখিলাদি গ্রহণ করিবে।

১০) এতদর্থে অত্র দলিলের সকল মর্ম আমরা সবিশেষ বুঝিয়া আপন আপন ইচ্ছায় সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনা প্ররোচনায় সাক্ষীগণ সাক্ষাতে অত্র দানপত্র দলিল তোমার অনুকূলে যথারীতি সম্পাদন করিয়া দিলাম। ইতি –

বাংলা :- **১৪৩১** (চৌদ্দশত একত্রিশ) সাল, তারিখ ০৫ (পাঁচই) জ্যৈষ্ঠ।
ইংরাজী :- ২০২৪ (দুই হাজার চব্বিশ) সাল, তারিখ **১৯** (ঊনিশে) মে।

# দানকৃত সম্পত্তির তপশীল বিবরণ

জেলা পূর্ব মেদিনীপুর, মহকুমা, থানা ও অতিরিক্ত জেলা অবরনিবন্ধন অফিস তমলুকের অন্তর্গত, **জে. এল. নং ৪৩, কাঁকট্যা মৌজায়,** রায়ত দখলীয় স্বত্ব বিশিষ্ট।

বর্তমান এল. আর. সেটেলমেন্টে অত্র দলিলের

আমি **১** নং দানদাতা শ্রী সুনীল কান্ত পাল প্রঃ সুনীল পাল, আমার নামিত ৭৭৯ নং খতিয়ানের অন্তর্গত

আমি ২ নং দানদাতা শ্রী নির্মল পাল, আমার নামিত **১১৬৩** নং খতিয়ানের অন্তর্গত

আমি ৩ নং দানদাতা শ্রী সুশান্ত কুমার পাল, আমার নামিত ২১৭৫ নং খতিয়ানের অন্তর্গত

১) **আর. এস. ও এল. আর. ৪২৪ (চারশত চব্বিশ) দাগে** রেকর্ড মতে কালা ভূমি বর্তমান কালা ভূমি ও বাস্তু ভূমি মোট ৪৪ ডেসিমল মধ্যে বর্তমান এল. আর. সেটেলমেন্টে অত্র দলিলের

**আমি ১ নং দানদাতা** আমার নামিত ৭৭৯ নং খতিয়ান ভুক্ত ০.৫৯০৮ অংশে ২৫.৯৯৫ ডেসিমল, তন্মধ্যে **০১.০১৭ ডেসিমল**,

অত্র দলিলের **আমি ২ নং দানদাতা** আমার নামিত ১১৬৩ নং খতিয়ান ভুক্ত ০.১৬৩৮ অংশে ০৭.২০৭ ডেসিমল, তন্মধ্যে **০১.০১০ ডেসিমল**

অত্র দলিলের **আমি ৩ নং দানদাতা** আমার নামিত ২১৭৫ নং খতিয়ান ভুক্ত ০.১৭২৭ অংশে ০৭.৬০০ ডেসিমল, তন্মধ্যে **০.৯৭৩ ডেসিমল**,

এমতে অত্র দাগে তিনটি খতিয়ান ভুক্ত সর্বমোট **০৩ (তিন) ডেসিমল সম্পত্তি** তোমাকে দান করিলাম।

**দানকৃত ভূমির চৌহদ্দি –**

**উত্তর – সুশান্ত পাল ও প্রশান্ত পাল-এর দখলীয় ভূমি।**
**দক্ষিণ – সুনীল পাল-এর দখলীয় ভূমি।**
**পূর্ব – সুনীল পাল-এর দখলীয় ভূমি।**
**পশ্চিম – গ্রাম্য কাঁচা রাস্তা।**

**অত্র দানপত্রে দানকৃত সম্পত্তির মোট পরিমান– ০৩ (তিন) ডেসিমল।**
বার্ষিক রাজস্ব – ০.৯০ টাকা।
সরকার কর্তৃক নির্ধারিত মোট বাজার মূল্য- **১,৭৯,৬৮৫** (এক লক্ষ ঊনআশি হাজার ছয়শত পঁচাশি) টাকা।

বর্তমান মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে বি. এল. এন্ড এল. আর. ও. তমলুক ২, মোঃ চাঠরা, জেলা পূর্ব মেদিনীপুর।